



তথ্যবিবরণী

নম্বর-১২৫

রাজশাহীতে চতুর্থ অর্থনৈতিক শুমারির উদ্বোধন করলেন বিভাগীয় কমিশনার

রাজশাহী, ২৫ অগ্রহায়ণ (১০ ডিসেম্বর):

আজ মঙ্গলবার (১০ ডিসেম্বর) সকালে রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ে অর্থনৈতিক শুমারি ২০২৪ এর তথ্য-উপাত্ত সংগ্রহ কার্যক্রমের উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ। এ উদ্বোধন উপলক্ষে বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে এক উদ্বোধনী র্যালি বের হয়ে নগরীর সিএন্ডবি মোড়ে গিয়ে শেষ হয়।

‘অর্থনৈতিক শুমারিতে তথ্য দিন, নতুন বাংলাদেশ বিনির্মাণে অংশ নিন’ এই স্লোগান নিয়ে ১০ ডিসেম্বর হতে আগামী ২৬ ডিসেম্বর পর্যন্ত সারাদেশের ন্যায় রাজশাহী বিভাগের ৮ জেলায় চতুর্থ অর্থনৈতিক শুমারি ২০২৪ পরিচালিত হবে। অর্থনৈতিক শুমারির লক্ষ্য হলো সময়ের বিবর্তনে দেশের অর্থনীতির কাঠামোগত পরিবর্তন, অকৃষিমূলক অর্থনৈতিক কর্মকাণ্ডের কাঠামো নির্ধারণ, অর্থনৈতিক কর্মকাণ্ডে জনবলের হিসেব নিরূপণসহ পল্লী ও শহর এলাকায় অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত প্রতিষ্ঠানের শ্রেণি বিন্যাস ও হালনাগাদ তথ্য-উপাত্ত প্রস্তুত করা।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো পরিচালিত এ শুমারির কার্যক্রম ইন্টিগ্রেটেড সেনসাস ম্যানেজমেন্ট সিস্টেমের (আইসিএমএস) মাধ্যমে ডিজিটালি কন্টোল করা হবে। তথ্য সংগ্রহকারীদের সংগৃহীত তথ্য মোবাইল ডাটা ম্যানেজমেন্ট (এমডিএস) প্রক্রিয়ায় সরাসরি সার্ভারে জমা হবে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ তথ্য সংগ্রহকারীর কাজ অনলাইনের মাধ্যমে সরাসরি পর্যবেক্ষণ করবে।

রাজশাহী বিভাগীয় পরিসংখ্যান দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, এবারের শুমারিতে এ বিভাগের ৮ জেলায় ১১ হাজার ৯৭৩ জন তথ্য সংগ্রহকারী তথ্য-উপাত্ত সংগ্রহ করবেন। তথ্য সংগ্রহকারীদের কাজ জিপিএস লোকেশনের মাধ্যমে ট্র্যাক করা হবে।

শুমারির তথ্য-উপাত্ত দেশের নীতিনির্ধারক, পরিসংখ্যানবিদ, গবেষকসহ বিভিন্ন অংশীজন নতুন বাংলাদেশ বিনির্মাণে ব্যবহার করবেন।

.....

তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/কনক/হালিম/২০২৪/১১.৪০ ঘ.